

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
www.fisheries.mymensinghsadar.mymensingh.gov.bd.


পত্র নম্বরঃ ৩৩.০২.৬১৫২.৫০১.৩৬.০০৫.২১- ১৮৬

তারিখঃ ০৩/১০/২০২২ খ্রিঃ

নোটিশ

এতদ্বারা সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ এর সকল কর্মকর্তা/ কর্মচারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৬/১০/২০২২ খ্রি. রোজ রবিবার সকাল ১০.০০ ঘটিকায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ এর অফিস কক্ষে তাঁর সভাপতিত্বে ই-গভার্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে।

উক্ত প্রশিক্ষণে আপনাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।



(রাশেদুল ইসলাম)

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

পত্র নম্বরঃ ৩৩.০২.৬১৫২.৫০১.৩৬.০০৫.২১-১৮৬/১(৫)

তারিখঃ ০৩/১০/২০২২ খ্রিঃ

জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

- ০১। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
- ০২। জেলা মৎস্য কর্মকর্তা, ময়মনসিংহ।
- ০৩। সহকারী মৎস্য কর্মকর্তা, অত্র দপ্তর।
- ০৪। ক্ষেত্র সহকারী, অত্র দপ্তর (সকল)।
- ০৫। অফিস নথি।

(রাশেদুল ইসলাম)

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

ই- গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত ১ম সভার কার্যবিবরণী

সভাপতি : রাশেদুল ইসলাম, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

স্থান : সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

তারিখ : ০৬/১০/২০২২ খ্রিঃ।

পরিশিষ্ট- উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট 'ক'


সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সভা শুরু করা হয়। সভাপতি সকল কর্মকর্তা/ কর্মচারীদেরকে সময়মত সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি জানান যে সরকারি কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সুশাসন সংহতকরণে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন চর্চার গুরুত্ব অপরিসিম। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন অনুশীলনে সেবা সহজীকরণ এবং তথ্য যোগাযোগ প্রযুক্তির ব্যবহার উল্লেখযোগ্য। এ পরিকল্পনার মূল উদ্দেশ্য হলো সরকারি দপ্তরে উদ্ভাবন, সেবা সহজীকরণ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার বিষয়ক কার্যক্রমকে সুশৃঙ্খল, নিয়মতান্ত্রিক ও প্রাতিষ্ঠানিকীকরণ এবং এ লক্ষ্যে দায়বদ্ধতা সৃষ্টি। এরপর ই- গভর্ন্যান্স কম্পরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ১- জুলাই-সেপ্টেম্বর/ ২০২২ মাস পর্যন্ত তথ্য বাতায়ন হালনাগাদ করা হয়েছে। পরবর্তী ত্রৈমাসের সঠিক সময়ে তথ্য বাতায়ন হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ২- জুলাই-সেপ্টেম্বর/২০২২ মাস পর্যন্ত ই- গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ এর লক্ষ্যমাত্রা ছিল একটি এবং তা বাস্তবায়ন করা হয়েছে। পরবর্তী ত্রৈমাসের ডিসেম্বর মাসে প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ৩- সেবা সহজীকরণের জন্য একটি উদ্ভাবন/ ক্ষুদ্র উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় এবং তা ২৮/০২/ ২০২৩ ইং এর মধ্যে বাস্তবায়ন করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার কাজ সমাপ্তি ঘোষণা করা হয়



(রাশেদুল ইসলাম)

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা

ও

সভাপতি

ই- গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

পরিশিষ্ট ক

ই- গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত সভার উপস্থিতি তালিকা

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
১	নাহিদা পারভীন খানম	সহকারী মৎস্য কর্মকর্তা	স্বাক্ষরিত
২	মো: ফজলুল হক	ক্ষেত্র সহকারী (রাজস্ব)	স্বাক্ষরিত